গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২.১৫

তারিখ: ২১ পৌষ ১৪২৯
০৫ জানুয়ারি ২০২৩

বিষয়: ডিসেম্বর, ২০২২-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের ডিসেম্বর, ২০২২-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৫/০১/২০২৩

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।

প্রতিবেদনাধীন মাসের নাম: ডিসেম্বর ২০২২ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-০১-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১০,৭৬৫ | ২২২০ | |
| মোট | ১২,৯৮৫ | ১০,৭৬৫ | ২২২০ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন- ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৩৬ | ৩৩১ | ১৪৫২ | ৩০১ | ২২২০ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি

সমাজসেবা অফিসার/সমমান -১৩৫টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | ২৭৭ | ২৭৭ | ২ | - | ২ | ২য় শ্রেণির ২ জন নতুন নিয়োগ এবং ৪র্থ শ্রেনী হতে ৩য় শ্রেণীতে পদোন্নতি |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬০৯.৬৫<br>(ছয়শত নয় কোটি পঁয়ষট্টি লক্ষ টাকা) | ১১৩.৩১১৯<br>(একশত তেরো কোটি একত্রিশ লক্ষ উনিশ হাজার টাকা)<br>১৯% | - | ৩১/০৮/২০২২ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৮৪টি<br>অগ্রিম- ১৯৯টি<br>মোট- ৪৮৩টি | ১১৮,৯৬,৬৭,১৮১<br>৬৮৯,৯২,৪২,৩০২<br>৮০৮,৮৯,০৯,৪৮৩<br>(আটশত আট কোটি উননব্বই লক্ষ নয় হাজার চারশত তিরাশি) | সাধারণ-১৬৫টি<br>অগ্রিম- ১৫৪টি<br>মোট- ৩১৯টি | | সাধারণ- ২৮৪টি<br>অগ্রিম- ১৯৯টি<br>মোট= ৪৮৩টি<br>টাকার পরিমান<br>১১৮,৯৬,৬৭,১৮১<br>৬৮৯,৯২,৪২,৩০২<br>৮০৮,৮৯,০৯,৪৮৩<br>(আটশত আট কোটি উননব্বই লক্ষ নয় হাজার চারশত তিরাশি) | ১। ০৪/১০/২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভায় সুপারিশকৃত ০৭টি অগ্রীম নিষ্পত্তির পত্র জারী করার জন্য ১৮/১১/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি। যোগাযোগ অব্যাহত আছে।<br>২। বরিশাল বিভাগে দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য সভার তারিখ ও প্রতিনিধি মনোনয়নের জন্য ১৬টির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে ১-১-২০২৩ তারিখে ৭৪ নং পত্রের মাধ্যমে পাঠানো হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৭ | ০৫ | ১১২ | ০ | ০১ | ০১ | ০২ | ০২০ | ১১০<br>১ম শ্রেণির ৩৪ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৭ টি,<br>৪র্থ শ্রেণির ২৪ টি<br>মোট = ১১০ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে ৮১৫৫ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৩২৬২ জন।<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৪৮৯৩ জন। |
| ২ | ৪৮তম বুনিয়াদি প্রশিক্ষণ | ০৫ ডিসেম্বর ২০২২ হতে ০২ ফেব্রুয়ারি ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩৫ জন |
| ৩ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ২৭ নভেম্বর হতে ০১ ডিসেম্বর ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২৪ জন |
| ৪ | Computer Application & Office Management | ১৮ হতে ২২ ডিসেম্বর ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৫ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৩৬ জন, ২য় শ্রেণির ৩৩১ জন, ৩য় শ্রেণির ১৪৫২ জন এবং ৪র্থ শ্রেণির ৩০১ জন মোট ২ হাজার ২২০ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট এন্ট্রিকৃত ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি উপকারভোগীর মধ্যে প্রায় ১ কোটি ১ লক্ষ ৪৬ হাজার জন ভাতাভোগীর মোবাইল/ব্যাংক হিসাবে ২০২২-২৩ অর্থবছরের ১ম কিস্তির ভাতার অর্থ (৩১ ডিসেম্বর/২০২২ পর্যন্ত) প্রেরণ করা হয়েছে।

(০২) ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস) কার্যক্রমের ৩০.০০ কোটি টাকার মধ্যে ১ম কিস্তির ৭.৫০ (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এককালীন ছাড়করণের মঞ্জুরী প্রদানের অনুমোদনের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পত্র প্রেরণ করা হয়েছে। দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১.৯৩ (এক কোটি তিরানব্বই লক্ষ) টাকার মধ্যে ১ম কিস্তির ৪৮.২৫ (আটচল্লিশ লক্ষ পঁচিশ হাজার) টাকার প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। উপজেলা পর্যায়ে বিতরণ কার্যক্রম চলমান।

(০৩) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) সংশোধিত বাজেট ৮.৫৫ কোটি টাকা ইউসিডি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে মাঠ পর্যায়ে ১ কোটি টাকার ঋণ বিতরণ সম্পন্ন করা হয়েছে।

(০৪) ২০২১-২২ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৫.০০ কোটি টাকার মধ্যে ১ম ও ২য় কিস্তি বাবদ ১১ কোটি ৯৯ লক্ষ ৫০ হাজার টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে যা মাঠ পর্যায়ে প্রেরণ প্রক্রিয়াধীন।

(০৫) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম Micro Credit Management System (MCMS) সফটওয়্যার এর Data এবং User Acceptance Test এর জন্য নির্বাচিত ১০টি উপজেলা ও ১টি শহর সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

(০৬) ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম Micro Credit Management System (MCMS) সফটওয়্যারের কাজ শহর সমাজসেবা কার্যালয়-৪, ঢাকায় শুরু হয়েছে।

(০৭) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নথি নং ০৭.০০.০০০০.১০৯.২২.০০১.২২ এর প্রয়োজনীয় উদ্ধৃতাংশ অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল প্রকার ক্ষুদ্রঋণের সার্ভিস চার্জ ৫% এবং ঋণসীমা সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(০৮) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৯ লক্ষ ৫৫ হাজার ৯৯৯ জন। ০১-৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১২ হাজার ৩৪২ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১২ হাজার ৩৭১ জন এবং ৯ হাজার ৪৯৩ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(০৯) খাদ্য ও খাদ্য আনুষঙ্গিক মালামালের মূল্য বৃদ্ধির কারণে সমাজসেবা অধিদপ্তরাধীন বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানে ২০২২-২০২৩ অর্থবছরে নিযুক্ত ঠিকাদারদের ভর্তুকী প্রদানের জন্য আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র সদয় বিবেচনার জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২০.২৬৩.৮৩.৩৭৮ তারিখ ৩০ নভেম্বর ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।

(১০) শিশু আইন, ২০২৩ এর সংশোধন/অস্পষ্টতা দূরীকরণ এর বিষয়ে শিশু আইন সম্পর্কিত ওয়ার্কিং কমিটির সদস্যগণ আপিল বিভাগের মাননীয় বিচারপতি কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে কার্যক্রম শুরু করেছেন। তবে বিষয়টি সময় স্বাপেক্ষ হওয়ায় আরো এক মাস সময়ের প্রয়োজন মর্মে মহোদয়কে সদয় অবহিত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৯.২১.৪৫৫ তারিখ ০৭ ডিসেম্বর ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবার, ক্যাপিটেশন গ্রান্ট বেসরকারি এতিমখানাসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশনসহ অন্যান্য কর্মসূচী পালনের নিমিত্ত জেলাধীন কর্মকর্তাকে নির্দেশ প্রদানের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০৩.২০.৩৮৯ তারিখ ১১ ডিসেম্বর ২০২১ তারিখ সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল আবাসিক প্রতিষ্ঠানের খন্ডকালীন চিকিৎসকদের সম্মানী ভাতার হার ৫,০০০/- টাকা হতে ১০,০০০/- টাকায় পুনঃনির্ধারনের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১১.০০১.২২.১৪৮ তারিখ ১৩ ডিসেম্বর ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(১৩) ২০২২-২০২৩ অর্থবছরে বেসরকারি এতিমখানার নিবাসিদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট (অনুদান) বাবদ বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের নিমিত্ত প্রত্যয়ন পত্র প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০০২.২০.৫৭ তারিখ ১৪ ডিসেম্বর ২০২২ তারিখ সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) শিশু আইন, ২০২৩ এর সংশোধন/অস্পষ্টতা দূরীকরণ এর বিষয়ে শিশু আইন, ২০১৩ এর সংশোধন প্রস্তাবসমূহ অধিকতর পরীক্ষা নিরীক্ষা ও চূড়ান্ত খসড়া তৈরীর নিমিত্ত পুলিশ ও বিচার বিভাগসহ সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে একটি ড্রাফটিং ওয়ার্কিং গ্রুপ এবং পৃথকভাবে একটি পরামর্শক গ্রুপ গঠনপূর্বক প্রস্তবসমূহের বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের সাথে পরামর্শ করে চূড়ান্ত প্রস্তাবনা তৈরীর লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.৪১১.০৪.৫৯ তারিখ ১৬ ডিসেম্বর ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(১৫) ২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ ও জাতীয় মানবকল্যাণ পদক প্রদান উদযাপন উপলক্ষে উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়, দেশ গড়বো সমাজসেবায় প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলায় পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে অনুষ্ঠান সম্প্রচারের পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) "উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়, দেশ গড়বো সমাজসেবায়"-এই প্রতিপাদ্য নিয়ে ২ জানুয়ারি সারা দেশে উদযাপিত হচ্ছে জাতীয় সমাজসেবা দিবস-২০২৩ ও জাতীয় মানবকল্যাণ পদক প্রদান। সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়। ক্ষুদেবার্তাটি সকল গ্রাহকের মোবাইলে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## (১০) গ. আগামী ২ মাসে (জানুয়ারি ২০২৩ ও ফেব্রুয়ারি ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরের নিয়মিত ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জনকে G2P পদ্ধতিতে ভাতা/উপবৃত্তি প্রদান করা হবে। ২০২২-২৩ অর্থবছরের সকল ভাতার ২য় কিস্তি (অক্টোবর-ডিসেম্বর/২২) অর্থ শীঘ্রই মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০২) প্রশাসনিক মন্ত্রণালয় হতে আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী কার্যক্রমের ১ম কিস্তির অর্থ ছাড়ের অনুমোদন পাওয়া গেলে বিতরণের জন্য মাঠপর্যায়ে প্রেরণ করা হবে।

(০৩) ২০২১-২২ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৫.০০ কোটি টাকার মধ্যে ১ম ও ২য় কিস্তি বাবদ ১১ কোটি ৯৯ লক্ষ ৫০ হাজার টাকা উপজেলা পর্যায়ে বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০৪) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২০২২-২৩ অর্থবছরের ৩য় কিস্তি ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০৫) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) কর্তৃক নিবন্ধনের জন্য ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের চাহিত যাবতীয় কাগজপত্র প্রেরণের প্রেক্ষিতে এই পর্যন্ত মোট ৪৭টি কেন্দ্র নিবন্ধিত হয়েছে। অন্য ৩৩টি কেন্দ্র আগামী ২ মাসের মধ্যে অনুমোদন সম্পন্ন করার জন্য এনএসডিএ (NSDA) তে নিবিড় যোগাযোগ অব্যাহত থাকবে।

(০৬) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহীত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (জানুয়ারি ২০২৩ ও ফেব্রুয়ারি ২০২৩,) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

০৪/০১/২৩
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

০৪/০১/২৩
তাসলিমা খাতুন
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৪/১/২৩
রকিব আহমেদ
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।